

নয়া স্বীকৃতি

স্টাফ রিপোর্টার : কেন্দ্রীয় সরকার এখনও পর্যন্ত আইন না করায় শিবপুরের বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটিকে জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হিসাবে ঘোষণা করা যাচ্ছে না। সোমবার রাজ্য বিধানসভায় তৃণমূল কংগ্রেসের বিধায়ক সৌগত রায়ের তোলা এক প্রশ্নের জবাবে এই কথা জানান উচ্চশিক্ষামন্ত্রী সুদর্শন রায়চৌধুরী। তিনি বলেন, সংসদের গত শীতকালীন অধিবেশনে এই ব্যাপারে বিল পাস হওয়ার কথা ছিল। কিন্তু তা হয়নি। বাজেট অধিবেশনে বিলটি পেশ করা হতে পারে বলে মনে করেন সুদর্শনবাবু। এই ব্যাপারে মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য প্রধানমন্ত্রীকে চিঠি লিখেছেন বলেও মন্ত্রী জানান। ছাত্র-ছাত্রীরা বিষয়টি নিয়ে কিছুদিন আগে আন্দোলন শুরু করেছিল। কিন্তু তাদের বুদ্ধিতে বলায় আন্দোলন তুলে নেওয়া হয়েছে বলে মন্ত্রী মনে করেন।